গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০৫.২০২০-৮৯

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৭ / ৩০ সেপ্টেম্বর ২০২০

বিষয়: এপিএ টীমের মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ২৯.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীমের মাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হ'ল।
সংযুক্তি: বর্ণনামতে।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ০১৭১১৬৯২৯২৭
ime2@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা/অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়, ঢাকা;
৩। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা;
৪। জনাব আ.ন.ম. আজিজুল হক, যুগ্মপ্রধান (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৫। জনাব জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী, যুগ্ম সচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৬। জনাব মোঃ জর্জিসুর রহমান, উপসচিব (উন্নয়ন-৩), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৭। জনাব মীর আলমগীর হোসেন, উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৮। জনাব মুহাম্মদ আব্দুস সালাম, উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৩। জনাব মুহাম্মাদ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা,রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন এবং ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র মূল্যায়ন অগ্রগতি আলোচনার নিমিত্তে এপিএ টিমের ২৯/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সিরাজুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) |
| তারিখ | : | ২৯ সেপ্টেম্বর ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর অফিস কক্ষ<br>(কক্ষ নং-৯২৬, ৯ম তলা), রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০- ২১ এর ৯ নং অনুচ্ছেদে এপিএ টীমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সে বিবেচনায় অদ্যকার সভা ২০২০-২১ অর্থবছরের ৩য় মাসিক সভা। তিনি বর্তমান করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরে এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাযথ বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তিনি এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) কে আহবান জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুসরণে আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক) গত ২৪/০৮/২০২০তারিখে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br>**সিদ্ধান্ত- ৩(খ)(১):**<br>বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন নির্দেশনা অনুযায়ী ৩০/৮/২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন ২৭/৮/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ৩(খ)(১), ৩(গ)(১) ও ৩(ঘ)(১) বিষয়ে কোন সিদ্ধান্ত নেই। | |
| **সিদ্ধান্ত- ৩(গ)(১):** মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র সংশোধনী (যদি থাকে) মন্ত্রিপরিষদ | বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র সংশোধনীর প্রস্তাবনা থাকলে তার যৌক্তিকতাসহ রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বাংলাদেশ রেলওয়েকে ১৮/০৮/২০২০ তারিখে পত্র | | |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| বিভাগে রেলপথ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে কোন লিখিত জবাব দেয়া হয়নি। বাংলাদেশ রেলওয়ের এপিএ তে কোন সংশোধনী নেই মর্মে বাংলাদেশ রেলওয়ের এপিএ টিমের সদস্য জনাব এস এম সলিমুল্লাহ বাহার, অর্থনীতিবিদ সভাকে অবহিত করেন। | | |
| **সিদ্ধান্ত- ৩(ঘ)(১):** প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র মাসভিত্তিক বাস্তবায়নের অগ্রগতি রেলপথ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | সভায় জানানো হয় যে, বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র মাসভিত্তিক বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | | |
| **সিদ্ধান্ত- ৩(ঙ)(১):** রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র কর্মসম্পাদন সূচকসমূহ অবহিতকরণ ও কর্মপন্থা নির্ধারণের জন্য এপিএ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনে সচিব মহোদয়ের নির্দেশনার জন্য নথি উপস্থাপন করতে হবে। | সভায় আলোচনা হয় যে, রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের দায়িত্ব প্রশাসন-২ শাখা এর। ২০২০-২১ এপিএ টিমের পক্ষ থেকে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য ২৩/০৯/২০২০ তারিখের ১৮ নং পত্রে প্রশাসন-২ শাখাকে অনুরোধ করা হয়েছে। | এপিএ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য প্রশাসন-২ শাখাকে পুনঃ অনুরোধ করা যেতে পারে। | |
| খ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের কর্মপরিকল্পনা | সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ এবং সচিব, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের মধ্যে গত ১৭/০৯/২০২০ তারিখে ২০২০-২১ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের এপিএ স্বাক্ষর সম্পন্ন হয়। ২০/০৯/২০২০ তারিখে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। কার্যক্রম তথা সূচক বাস্তবায়নের অনুরোধ করে সংশ্লিষ্ট শাখাসমূহকে অবহিতকরণ পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ২০২০-২১ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের এপিএ বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল অনুবিভাগ, অধিশাখা, শাখা, রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ে |
| গ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত | সভায় আলোচনা হয় যে, এপিএ'র ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) এর সভায় অনুমোদন গ্রহণ করতে হবে এবং ১৫/১০/২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট সকল শাখা হতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা দরকার মর্মে সভায় মত প্রকাশ করা হয়। | আগামী ১৫/১০/২০২০ তারিখের পূর্বে ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল অনুবিভাগ, অধিশাখা, শাখা, রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ে |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| চ) বিবিধ | সভায় আলোচনা হয় যে, এপিএ কার্যক্রমের তালিকা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট বাস্তবায়নকারীগণকে অবহিত করা হলে এপিএ'র বাস্তবায়ন ও পরিবীক্ষণ সহজ হবে। | এপিএ'র কার্যক্রমসমূহ মন্ত্রণালয়ের শাখা ভিত্তিক তালিকা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ টিম। |

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০.০২.2020

(মোঃ সিরাজুল ইসলাম)
এপিএ টিম লিডার
এবং
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)
রেলপথ মন্ত্রণালয়